চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ ।

নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর নিম্নবর্ণিত স্থায়ী/অস্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

পদের নাম, পদ সংখ্যা ও জাতীয় বেতন স্কেল-২০১৫	বয়সসীমা
১ । অধ্যাপক (সিএসই বিভাগ)-১টি পদ । বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/-	সর্বোচ্চ ৫২ বৎসর
২ । রেজিস্ট্রার-১টি পদ । বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/-	সর্বোচ্চ ৫২ বৎসর
৩ । সহযোগী অধ্যাপকঃ (ক) গণিত বিভাগ-১টি পদ । (খ) পুরকৌশল বিভাগ-১টি পদ । (গ) সিএসই বিভাগ-১টি পদ । বেতন স্কেলঃ ৫০০০০-৭১২০০/-	সর্বোচ্চ ৪৮ বৎসর
৪ । সহকারী অধ্যাপকঃ (ক) সিএসই বিভাগ-১টি পদ (খ) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ-২টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) । বেতন স্কেলঃ ৩৫৫০০-৬৭০১০/-	সর্বোচ্চ ৪০ বৎসর
৫ । সহকারী রেজিস্ট্রার-১টি পদ । বেতন স্কেলঃ ২৯০০০-৬৩৪১০/-	সর্বোচ্চ ৩৫ বৎসর
৬ । প্রভাষক ঃ (ক) সিএসই বিভাগ-৩টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) । (খ) ইইই বিভাগ-২টি পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) । (গ) মেকাট্রনিক্স এন্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বিভাগ-২টি পদ । (ঘ) পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিভাগ-২টি পদ (১টি অধ্যাপক ও ১টি সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) । (ঙ) যন্ত্রকৌশল বিভাগ-৩টি পদ । বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-	সর্বোচ্চ ৩০ বৎসর
৭ । সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (আইসিটি সেল)-১টি পদ । বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-	সর্বোচ্চ ৩০ বৎসর
৮ । সহকারী কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি সেল)-১টি পদ । বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-	সর্বোচ্চ ৩০ বৎসর
৯ । সহকারী টেকনিক্যাল অফিসার (যন্ত্রকৌশল)-১টি পদ । বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-	সর্বোচ্চ ৩০ বৎসর
১০ । ফার্মাসিস্ট কাম-স্টোর কিপার-২টি পদ । বেতন স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-	১৮-৩০ বৎসর
১১ । টেকনিশিয়ান (যন্ত্রকৌশল)-১টি পদ । বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বৎসর
১২ । নেটওয়ার্ক টেকনিশিয়ান (আইসিটি সেল)-১টি পদ । বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-	১৮-৩০ বৎসর
১৩ । কম্পাউন্ডার-১টি পদ । বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/-	১৮-৩০ বৎসর
১৪ । ড্রাইভার (ভারী)- ১টি পদ । বেতন স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/-	১৮-৩০ বৎসর
১৫ । অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক- ৩টি পদ । বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-	১৮-৩০ বৎসর
১৬ । হিসাব সহকারী- ১টি পদ । বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-	১৮-৩০ বৎসর
১৭ । অফিস সহায়ক -৪টি পদ । বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-	১৮-৩০ বৎসর
১৮ । ল্যাবঃ এটেনডেন্ট -১টি পদ । বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-	১৮-৩০ বৎসর
১৯ । ওয়ার্ড বয়/আয়া-১টি পদ । বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-	১৮-৩০ বৎসর

ক) ১-৯নং পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ওয়েব সাইট www.cuet.ac.bd থেকে সংগ্রহ করা যাবে ।

খ) ১০-১৯নং পদের জন্য আবেদন সাদা কাগজে করতে হবে । সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলী ওয়েব সাইট www.cuet.ac.bd থেকে সংগ্রহ করা যাবে ।

গ) ১-৯নং পদের জন্য ৫০০/- টাকার এবং ১০-১৯নং পদের জন্য ৩০০/-টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে ।

ঘ) ১ ও ৩নং পদের আবেদনকারীর ১০ (দশ) সেট দরখাস্ত, ২ নং ও ৪-৯ নং পদের আবেদনকারীর ৭ (সাত) সেট দরখাস্ত এবং ১০-১৯নং পদের আবেদনকারীর ০২ (দুই) সেট দরখাস্ত আগামী ১০/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে ।

ঙ) চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বর্ণিত বয়সসীমা প্রযোজ্য নয় ।

চ) শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীদের বয়সসীমা শিথিল যোগ্য ।

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ।

স্মারক নং-চুয়েট/রেজিঃ/পার/নিয়োগ-১০/৩৬৫৭(১০) তারিখঃ ১০/১২/২০১৮ খ্রিঃ ।

অনুলিপি প্রেরিত হলঃ-

১ । সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭ ।
২ । রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-আপনার প্রতিষ্ঠানে প্রচারের অনুরোধ সহকারে ।
৩ । সকল বিভাগ/অফিস প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় ।
৪ । পরিচালক, আইআইসিটি, অত্র বিশ্ববিদ্যালয় । উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, শর্তাবলী, যোগ্যতা ও অভিজ্ঞতা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অর্ন্তভূক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহকারে ।
৫ । ডেপুটি রেজিস্ট্রার (কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট), চুয়েট ।
৬ । ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষক সংশ্লিষ্ট), চুয়েট ।
৭ । পিএস-টু-ভিসি, চুয়েট-ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে ।
৮ । সহকারী রেজিস্ট্রার (উপাচার্যের দপ্তর), চুয়েট । উল্লেখিত বিজ্ঞাপনটি আগামী ২/১ দিনের মধ্যে ২টি জাতীয় পত্রিকায় এবং ১টি স্থানীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে ।
৯ । সকল বিজ্ঞপ্তিফলক, অত্র বিশ্ববিদ্যালয় ।
১০ । সংরক্ষণ নথি ।

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ।

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯

কর্মকর্তা ও কর্মচারী পদের যোগ্যতা ও অভিজ্ঞতা

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>পদের নাম ও বেতন স্কেল (জাঃবেঃস্কেঃ ২০১৫)</th><th colspan="2">শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা</th></tr>
<tr><td>০১</td><td>রেজিস্ট্রার
বেতন স্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০/-</td><td colspan="2">The candidate must have a 1st class Master Degree or 2nd class Master Degree with 2nd class Honours Degree or B.Sc. Engineering Degree with at least 10 (ten) years experience in a responsible position (Senior Administrative/Academic Posts) out of which at least 5 years must be as Deputy Registrar or its equivalent. Experience in Establishment, Management, Academic Affairs and Computer application will be considered as additional qualification. Candidate must not be less than 35 years of age.

বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাধারী সরকারী/ আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ লিয়েনের নিয়মানুযায়ী চাকুরী করতে আগ্রহী হলে অথবা অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ বয়সসীমা ৬০ বছর পর্যন্ত চাকুরী করতে আগ্রহী হলে দরখাস্ত করতে পারবেন।</td></tr>
<tr><td>০২</td><td>সহকারী রেজিস্ট্রার
বেতন স্কেলঃ ২৯০০০-৬৩৪১০/-</td><td colspan="2">প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে কমপক্ষে মাস্টার্স ডিগ্রী অথবা এইচ.এস.সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং প্রশাসনিক অফিসার বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণীর পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠানের অভিজ্ঞতাসম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।</td></tr>
<tr><td>০৩</td><td>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (আইসিটি সেল)
বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-</td><td>BSc Engineering/Honours (4Yrs) in Computer Science/ Information Technology/Electronics & Communication/ Telecommunication/ Electrical & Electronics/ Applied Physics & Electronics.
OR
MSc with 3 Yrs Honours in Computer Science/ Information Technology/Electronis & Communication/Applied Physics & Electronics.

should have at least second class /division in all examination.</td><td>Candidates having experience on Computer Networks or handling Netwrok Devices (Switches, Routers, Firewalls, Fiber Optics etc.) and working in LINUX/WINDOWS NT environment will be given perference.</td></tr>
<tr><td>০৪</td><td>সহকারী কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি সেল)
বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-</td><td>BSc Engineering/Honours (4Yrs) in Computer Science/ Information Technology/ Software/ Electronics & Communication/ Telecommunication/ Electrical & Electronics/ Applied Physics & Electronics.

OR
MSc with 3 Yrs Honours in Computer Science/ Information Technology/Software/Electronis & Communication/Applied Physics & Electronics.

Should have at least second class /division in all examination</td><td>Candidates having experience in my SQL/PHP and working in LINUX/WINDOWS NT environment will be given perference.</td></tr>
<tr><td>০৫</td><td>সহকারী টেকনিক্যাল অফিসার (যন্ত্রকৌশল)
বেতন স্কেলঃ ১৬০০০-৩৮৬৪০/-</td><td colspan="2">প্রার্থীর কারিগরী শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমাধারী হইতে হইবে।
অথবা
প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হইতে কমপক্ষে ২য় বিভাগে এস এস সি বা সমমানের পরীক্ষায় পাশ সহ কারিগরী শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।</td></tr>
<tr><td>০৬</td><td>ফার্মাসিস্ট কাম-স্টোর কিপার
বেতন স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-</td><td colspan="2">প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ০৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে।
অথবা
বিজ্ঞান বিভাগে এইচ. এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ ইন্সটিটিউট অব পাবলিক হেলথ হইতে ডিপ্লোমা ইন ফার্মাসি কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ফার্মাসিস্ট পদে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।</td></tr>
<tr><td>০৭</td><td>টেকনিশিয়ান (যন্ত্রকৌশল)
বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-</td><td colspan="2">প্রার্থীকে বি.এসসি পাস ও সংশ্লিষ্ট বিষয়ে ট্রেনিং প্রাপ্ত
অথবা
এইচ.এস.সি (বিজ্ঞান/ভোকেশন্যাল) পাস এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪ বৎসরের অভিজ্ঞতা
অথবা
এস.এস.সি পাস (বিজ্ঞান) এবং কারিগরি শিক্ষা বোর্ড হইতে ২ বৎসর মেয়াদী সংশ্লিষ্ট কোর্সে ট্রেড সার্টিফিকেটসহ ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা
অথবা
এস.এস.সি (ভোকেশন্যাল) সহ ন্যূনতম ৮ বৎসরের অভিজ্ঞতা
অথবা
প্রার্থীকে মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশসহ কোন সরকারী বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট টেকনোলজীতে কমপক্ষে ৬ মাসের ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট লাইনে ন্যূনতম ১০ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।</td></tr>
<tr><td>০৮</td><td>নেটওয়ার্ক টেকনিশিয়ান (আইসিটি সেল)
বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-</td><td>1. HSC or Equivalent.
2. Should have at least second division in all examination</td><td>Basic Computer Skils (Word, Excel, Internet etc.)
3-4 years of practical experience in a recognized organization conerning ICT.
Expertise in maintanace of computer and secretarial work will be preferable.</td></tr>
<tr><td>০৯</td><td>কম্পাউন্ডার
বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/-</td><td colspan="2">প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হইতে এস এস সি বা সমমানের পরীক্ষায় পাস সহ সরকারী প্যারামেডিক্যাল হইতে ৩ বৎসর মেয়াদী কম্পাউন্ডারশীপ ডিপ্লোমা পাশ হইতে হইবে এবং কমপক্ষে ১ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।</td></tr>
<tr><td>১০</td><td>ড্রাইভার (ভারী)
বেতন স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/-</td><td colspan="2">প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের অভিজ্ঞতাসহ বাংলা ও ইংরেজীতে লগ বই লেখার সামর্থ সম্পন্ন হইতে হইবে। ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।</td></tr>
<tr><td>১১</td><td>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-</td><td colspan="2">প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হইতে এইচ. এস. সি বা সমমানের পরীক্ষায় পাস সহ ইংরেজীতে ভাল জ্ঞান থাকা আবশ্যক। কম্পিউটার টাইপিং এ বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে ৩০ ও ৪০ শব্দের গতি থাকিতে হইবে এবং স্প্রেডসীট ব্যাবহারে দক্ষতা থাকিতে হইবে।</td></tr>
<tr><td>১২</td><td>হিসাব সহকারী
বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-</td><td colspan="2">প্রার্থীকে এইচএসসি (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় পাস হইতে হইবে। হিসাবের কাজ, ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।</td></tr>
<tr><td>১৩</td><td>অফিস সহায়ক
বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-</td><td colspan="2">প্রার্থীকে এস.এস.সি পাশ হইতে হইবে।
অথবা
ভাল রেকর্ডসহ চাকুরীতে ৫ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।</td></tr>
<tr><td>১৪</td><td>ল্যাবঃ এটেনডেন্ট
বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/-</td><td colspan="2">প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হইতে এস. এস. সি বা সমমানের পরীক্ষায় পাস হইতে হইবে।</td></tr>
<tr><td>১৫</td><td>ওয়ার্ড বয়/আয়া
বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/-</td><td colspan="2">প্রার্থীকে ২য় বিভাগ/ সমমান গ্রেডসহ এস.এস.সি/সমমান পাশ হতে হবে।
কোন সরকারী হাসপাতাল/ প্রতিষ্ঠিত বেসরকারী হাসপাতাল অথবা প্রতিষ্ঠিত ক্লিনিকে সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।</td></tr>
</table>

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

-ঃ শিক্ষক পদে (Teaching post) আবেদন করার শর্তাবলী ঃ-

১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং শিক্ষক পদের জন্য নির্ধারিত CV Format-এ দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত MPQ ও অন্যান্য সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, সকল স্তরের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপিসহ অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদের জন্য প্রকাশনা সমূহের পূর্নাঙ্গ কপিসহ ১০ (দশ) সেট এবং সহকারী অধ্যাপক/প্রভাষক/গবেষণা প্রভাষক পদের জন্য ৭ (সাত) সেট দরখাস্ত আগামী ১০/০১/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আবেদনপত্রের সহিত ৫০০/- (পাঁচশত) টাকার শুধুমাত্র সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি.শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র গ্রহনের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরণের যে কোন মাধ্যমের আবেদন গ্রহন যোগ্য হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহন যোগ্য হবে না।

৫। কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬। বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতীত দেশের ভিতরে বা বাহিরে অন্য কোন বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের Equivalence কমিটির মাধ্যমে সমতা যাচাই পূর্বক জমা দিতে হবে। বাংলা/ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষার সার্টিফিকেটের সঙ্গে ইংরেজি (Authorized) Translated কপি সংযুক্ত করতে হবে।

৭। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে।

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

-ঃ কর্মকর্তা পদে আবেদন করার শর্তাবলী ঃ-

শর্তাবলীঃ

১। নির্ধারিত আবেদনপত্রে (PRESCRIBED APPLICATION FORM) এবং অফিসার পদের জন্য নির্ধারিত ফরমেটে দরখাস্ত করতে হবে। সংশ্লিষ্ট পদের জন্য অনুমোদিত MPQ ও সাধারণ শর্তাবলী প্রযোজ্য হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের দেয়া চারিত্রিক সনদপত্র (Testimonial) ইত্যাদির সত্যায়িত কপিসহ ৭ (সাত) সেট দরখাস্ত আগামী ১০/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আবেদনপত্রের সহিত ৫০০/- (পাঁচশত) টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য।

৫। কর্মকর্তা/কর্মচারী কোন পদের যোগ্যতায় কোন প্রার্থীর পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ/সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয়/বিআইটিতে যোগদানের পূর্বে পাবলিক পরীক্ষায় প্রাপ্ত শ্রেণি বিভাগ (Unattainable) সারা চাকুরী জীবনে কেবল মাত্র ০১ (এক) বারের জন্য শিথিলযোগ্য।

৬। প্রার্থীর কোন সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতায় অর্জিত ৩য় শ্রেণি/বিভাগ বা সমতুল্য গ্রেড থাকলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে গৃহীত হবে না।

৭। কোন প্রার্থীর অত্র বিশ্ববিদ্যালয়ে ১ম যোগদানের সময় সংশ্লিষ্ট পদের যাচিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং তা আবেদন পত্রে উল্লেখ না করলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/অনুপার্জিত ইনক্রিমেন্টের ক্ষেত্রে গৃহীত হবে না। তবে অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরিরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ৯ম বা তদুর্ধ গ্রেডের কেহ উচ্চতর ডিগ্রী অর্জন করলে এবং দাপ্তরিক কাজের সংশ্লিষ্ট হলে বিশ্ববিদ্যালয়ের চাকুরির আবেদন/ আপগ্রেডিং/ অনুপার্জিত ইনক্রিমেন্টের ক্ষেত্রে অর্জিত ডিগ্রী গৃহীত হবে।

৮। অভিজ্ঞতা বলতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকাধীন প্রতিষ্ঠান বা এনজিও-র কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে না।

৯। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১০। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরনের যে কোন মাধ্যমের আবেদন গ্রহন যোগ্য হবে না। ডাক ও কোরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহন যোগ্য হবে না।

১১। আবেদনপত্র গ্রহনের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই।

১২। এই বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কোন কোটা সংরক্ষনের অনুমোদিত নিয়ম নেই।

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

-ঃ কর্মচারী পদে আবেদন করার শর্তাবলী ঃ-

শর্তাবলীঃ

১। আগ্রহী প্রার্থীদেরকে সাদা কাগজে প্রার্থীর জীবন-বৃত্তান্ত (প্রার্থীত পদের নাম, নিজের নাম, পিতার নাম,মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা) ও মোবাইল নম্বর (যদি থাকে) সহ ০২ (দুই) সেট আবেদন পত্র দাখিল করতে হবে।

২। আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা, সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠানের দেয়া চারিত্রিক সনদপত্র (Testimonial) ইত্যাদির সত্যায়িত কপিসহ ২ (দুই) সেট দরখাস্ত আগামী ১০/০১/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অফিসে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

৩। আবেদনপত্রের সহিত ৩০০/- (তিনশত) টাকার সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সোনালী ব্যাংক লিঃ, সি.ইউ.ই.টি. শাখা, চট্টগ্রাম-এর অনুকূলে "রেজিস্ট্রার, CUET, চট্টগ্রাম"-এর বরাবরে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল যোগ্য।

৫। কর্মকর্তা/কর্মচারী কোন পদের যোগ্যতায় কোন প্রার্থীর পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ/সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয়/বিআইটিতে যোগদানের পূর্বে পাবলিক পরীক্ষায় প্রাপ্ত শ্রেণি বিভাগ (Unattainable) সারা চাকুরী জীবনে কেবল মাত্র ০১ (এক) বারের জন্য শিথিলযোগ্য।

৬। প্রার্থীর কোন সংশ্লিষ্ট পদের নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতায় অর্জিত ৩য় শ্রেণি/বিভাগ বা সমতুল্য গ্রেড থাকলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে গৃহীত হবে না।

৭। কোন প্রার্থীর অত্র বিশ্ববিদ্যালয়ে ১ম যোগদানের সময় সংশ্লিষ্ট পদের যাচিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে এবং তা আবেদন পত্রে উল্লেখ না করলে পরবর্তীতে চাকুরী হওয়ার পর তার ঐ ডিগ্রী এই বিশ্ববিদ্যালয়ের কোন পদের চাকুরীর আবেদন/আপগ্রেডিং/অনুপার্জিত ইনক্রিমেন্টের ক্ষেত্রে গৃহীত হবে না। তবে অত্র বিশ্ববিদ্যালয়ে চাকুরিরত অবস্থায় কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ৯ম বা তদুর্ধ গ্রেডের কেহ উচ্চতর ডিগ্রী অর্জন করলে এবং দাপ্তরিক কাজের সংশ্লিষ্ট হলে বিশ্ববিদ্যালয়ের চাকুরির আবেদন/ আপগ্রেডিং/ অনুপার্জিত ইনক্রিমেন্টের ক্ষেত্রে অর্জিত ডিগ্রী গৃহীত হবে।

৮। অভিজ্ঞতা বলতে সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে। কোন প্রাইভেট/ব্যক্তি মালিকাধীন প্রতিষ্ঠান বা এনজিও-র কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হবে না।

৯। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

১০। আবেদন পত্র জমা দানের জন্য ঘোষিত শেষ দিন পর্যন্ত অভিজ্ঞতা গণনা করা হবে। আবেদন পত্র জমা দানের শেষ দিনের পর কোন অবস্থাতেই আবেদন পত্র প্রেরনের যে কোন মাধ্যমের আবেদন গ্রহন যোগ্য হবে না । ডাক ও কোরিয়ার সার্ভিস ইত্যাদির বিলম্বের কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন গ্রহন যোগ্য হবে না।

১১। আবেদনপত্র গ্রহনের শেষ দিনে সংশ্লিষ্ট প্রার্থীর যাচিত ডিগ্রী অর্জন ও অভিজ্ঞতা পূর্ণ না হলে আবেদন করার প্রয়োজন নেই।

১২। এই বিশ্ববিদ্যালয়ের বর্তমানে কোন কোটা সংরক্ষনের অনুমোদিত নিয়ম নেই।

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।